

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৯৯.০০৫.২১-২০৫৫

তারিখ: ২৮ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ।
১২ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন আড়ানী পৌরসভার মেয়র জনাব মো: মুক্তার আলীর এর বিরুদ্ধে বাঘা থানায ০৭/০৭/২০২১ খ্রি: তারিখে পেনাল কোড, ১৮৬০ এর ১৪৩/৪৪৮/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩০৭/৪২৭/৩৮০/৫০৬ ধারায় ৭নং মামলা, আর্মস্ এ্যাক্ট, ১৮৭৮ এর ১৯(এ)/১৯(এফ) ধারায় ৮নং মামলা এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১)১০(ক)/৩৬(১)১৯(ক)/৩৬(১)৮(ক)/৪১ ধারায় ৯নং মামলা দায়ের হয়েছে;

যেহেতু, উল্লিখিত অপরাধ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ এর উপ-ধারা (১) এর (খ) ও (ঘ) অনুযায়ী মেয়রের পদ হতে অপসারণযোগ্য অপরাধ;

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী, “যে ক্ষেত্রে কোন পৌরসভার মেয়র বা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলর-কে সাময়িক বরখাস্ত করতে পারিবে।”

যেহেতু, রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন আড়ানী পৌরসভার মেয়র জনাব মো: মুক্তার আলীর এর বিরুদ্ধে বাঘা থানায ০৭/০৭/২০২১ খ্রি: তারিখে পেনাল কোড, ১৮৬০ এর ১৪৩/৪৪৮/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩০৭/৪২৭/৩৮০/৫০৬ ধারায় ৭নং মামলা, আর্মস্ এ্যাক্ট, ১৮৭৮ এর ১৯(এ)/১৯(এফ) ধারায় ৮নং মামলা এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১)১০(ক)/৩৬(১)১৯(ক)/৩৬(১)৮(ক)/৪১ ধারায় ৯নং মামলা দায়ের হওয়ায় এরূপ অপরাধমূলক কার্যক্রম পৌর পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন আড়ানী-পৌরসভার মেয়র জনাব মো: মুক্তার আলী-কে আড়ানী পৌরসভার মেয়র পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপ সচিব

ফোনঃ ৯৫১৪১৪২

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৯৯.০০৫.২১-২০৫৫/১(১২)

তারিখ: ২৮ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ।
১২ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, রাজশাহী (পত্রটি সংশ্লিষ্ট পৌর মেয়র এর নিকট প্রেরণ নিশ্চিত করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
- ৫। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্যানেল মেয়র-১, আড়ানী পৌরসভা, বাঘা, রাজশাহী।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। জনাব মো: মুক্তার আলী (সাময়িকভাবে বরখাস্তকৃত), আড়ানী পৌরসভা, বাঘা, রাজশাহী।

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপ সচিব